তারিখ 12 JAN 2006
পৃষ্ঠা ৫ কলাম ৪

# কালিয়াকৈরে পিটুনিতে অর্ধশতাধিক শিক্ষার্থী আহত

## অভিভাবকদের বিক্ষোভ, প্রধান শিক্ষিকা অবরুদ্ধ

■ **কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**
কালিয়াকৈর উপজেলার জালশুকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অর্ধশতাধিক শিক্ষার্থীকে পিটিয়ে আহত করার অভিযোগ পাওয়া গেছে। ওই ঘটনায় অভিভাবক ও গ্রামবাসী প্রধান শিক্ষিকা জোবেদা আক্তারের অপসারণের দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন। এ সময় তারা প্রধান শিক্ষিকাকে অফিস কক্ষে অবরুদ্ধ করে রাখেন। খরব পেয়ে থানা পুলিশ ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. সানোয়ার হোসেন ঘটনাস্থলে গিয়ে তাদের শান্ত করেন।

সোমবার বিকেলে ওই বিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থী ক্লাস চলার সময় হই-হুল্লোড় করে। এতে প্রধান শিক্ষিকা উত্তেজিত হয়ে পড়েন। এক পর্যায়ে তিনি ৫০-৬০ শিক্ষার্থীকে পঞ্চম শ্রেণীর একটি রুমে আটকে রেখে এলোপাতাড়ি পিটিয়ে রক্তাক্ত জখম করেন। এ সময় শিক্ষার্থীদের ডাক-চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে তাদের উদ্ধার করে। ঘটনাটি শুনে ছুটে আসেন তাদের অভিভাবকরা। বাচ্চাদের শরীরে আঘাতের চিহ্ন দেখে উত্তেজিত হয়ে পড়েন অভিভাবক ও গ্রামবাসী। তারা অবরুদ্ধ করে রাখেন প্রধান শিক্ষিকা জোবেদা আক্তারকে। এ সময় অন্য সহকারী শিক্ষকরা পালিয়ে যান। পরে অভিভাবক ও গ্রামবাসী একাত্রিত হয়ে স্কুলমাঠে ওই শিক্ষিকার বহিষ্কার ও বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল করতে থাকেন। খবর পেয়ে ইউএনও মো. সানোয়ার হোসেন, ইউপি চেয়ারম্যান এমএ আলীম ঘটনাস্থলে গিয়ে অভিভাবক ও গ্রামবাসীকে বুঝিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। পরে ওই শিক্ষিকার বিচার করার আশ্বাস দিলে তারা স্কুলমাঠ ত্যাগ করেন। এ ব্যাপারে স্কুলের প্রধান শিক্ষিকা জোবেদা আক্তার জানান, পঞ্চম শ্রেণীর কয়েকজন শিক্ষার্থীকে একটি করে বেত্রাঘাত করা হয়েছে। এতে কিছু অভিভাবক ক্ষিপ্ত হয়ে উত্তেজনার সৃষ্টি করে। ইউএনও মো. সানোয়ার হোসেন জানান, ওই শিক্ষিকার বিরুদ্ধে তাদের বিভাগীয় ব্যবস্থা নেওয়ার জন্য সুপারিশপত্র পাঠানো হবে।